

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.২৭০০.০৪২.৯৯.০৪১.১৮-২২৯৬

তারিখ: ২৯ কার্তিক ১৪৩০  
১৪ নভেম্বর ২০২৩


বিষয়: দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলায় জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে সেলামীর অর্থে মার্কেট নির্মাণের অনুমতি সংক্রান্ত।

- সূত্র:
১. বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এর স্মারক নং-৪৭৭, তারিখ: ০৬/১২/২০২০।
  ২. জেলা পরিষদ, দিনাজপুর এর স্মারক নং-১০০, তারিখ: ২৫/০১/২০২১।
  ৩. প্রধান প্রকৌশলী এলজিইডি এর স্মারক নং-১৫৫২, তারিখ: ১১/০৯/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলায় জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে সেলামীর অর্থে মার্কেট নির্মাণের লক্ষ্যে এলজিইডি কর্তৃক যাচাইকৃত ড্রইং, ডিজাইন ও ৪,৫৮,২৮,৯৪৩.০০ (চার কোটি আটান্ন লক্ষ আটশ হাজার নয়শত তেতাল্লিশ) টাকার প্রাক্কলনে নিম্নবর্ণিত শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো:

**শর্তাবলী:**

১. পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং জেলা পরিষদ বরাদ্দের ব্যবহার নির্দেশনা, ২০২২ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
২. বিল্ডিং কোড অনুসরণ করত: পরিবেশ, ফায়ার সার্ভিসসহ অন্যান্য বিভাগের প্রয়োজনীয় ছাড়পত্র/ অনুমোদন গ্রহণ করতে হবে।
৩. দোকানঘর/ ফ্লোর বরাদ্দ প্রদানের ক্ষেত্রে ব্যাপক প্রচার/ পত্রিকার বিজ্ঞপ্তি/ সরকারের প্রচলিত বিধি-বিধান অনুসরণ করতে হবে।
৪. সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণপূর্বক স্বচ্ছতার মাধ্যমে দোকানঘর/ ফ্লোর বরাদ্দ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
৫. প্রস্তাবিত মার্কেটের দোকানঘর/ ফ্লোর বরাদ্দের জন্য স্থানীয় জনসাধারণ ও ব্যবসায়ীদের সেলামী প্রদানে ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
৬. পরিবেশ দূষণ রোধে মার্কেটের চতুর্দিকে পানি নিষ্কাশনের ড্রেনগুলো অবশ্যই স্লাব দ্বারা ঢেকে রাখার ব্যবস্থা করতে হবে।
৭. উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে উক্ত কাজের প্রাক্কলন, ডিজাইন ও স্পেসিফিকেশন পরিবর্তন করা যাবে না।
৮. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গত ২৫/৭/২০২৩ তারিখের ২২৯ নং স্মারকের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে (কপি সংযুক্ত)।
৯. প্রকল্পটি সেলামীর অর্থায়নে বাস্তবায়ন করতে হবে।

  
২৪/১১/২৩  
মোহাম্মদ সামিউল হক  
যুগ্মসচিব

ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
ই-মেইলঃ [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

**বিতরণ:**

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, দিনাজপুর।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর।

**অনুলিপি:**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক, দিনাজপুর।
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।